



সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

জুলাই-২০২৩ মাসে অনুষ্ঠিত ইনোভেশন টিমে সভার কার্যবিবরণী:

সভাপতি : প্রকৌ. মোঃ ফারুক হোসেন
মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব) ও ইনোভেশন অফিসার
তারিখ : ২৩ জুলাই ২০২৩
সময় : সকাল ১১:০০ ঘটিকা
স্থান : সভাকক্ষ, প্রধান কার্যালয়, এসজিএফএল।
উপস্থিতি : পরিশিষ্ট-ক।

কোম্পানীর কাজের গতিশীলতা, গুণগত পরিবর্তন ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) এর বাৎসরিক ইনোভেটিভ কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্তে এসজিএফএল অফিস আদেশ নম্বর: ২৮.২০.৯১৫৩.৪৫৩.০১.০০৮.২১.৮ তারিখ: ১৩ জুন ২০২২ এর আলোকে গঠিত কোম্পানির ইনোভেশন টিমের ১ম সভা ২৩-০৭-২০২৩ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কোম্পানির মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব) ও ইনোভেশন অফিসার সভাপতিত্ব করেন। সভার উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' সংযুক্ত।

সভাপতি উপস্থিত ইনোভেশন টিমের সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং ইনোভেশন টিমের সদস্য-সচিব ও ব্যবস্থাপক (এমএম-সিএফপি) জনাব প্রকৌ. রতন কান্তি নাথ-কে আলোচনার আহ্বান জানানো হয়। শুরুতে সদস্য-সচিব গত ২০২২-২০২৩ অর্থবছরের কোম্পানির বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় ই-গভন্যাস ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন ও অগ্রগতি শতভাগ অর্জিত হওয়ায় ইনোভেশন টিমের সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া সেবা সহজীকরণের আওতায়: কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীদের সফটওয়্যার ভিত্তিক ডিজিটাল সেবার মাধ্যমে পরিচয় পত্র (আইডি কার্ড) প্রদানের পরোক্ষ ও প্রত্যক্ষভাবে সার্বিক সহযোগিতা করার জন্য সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এছাড়া বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের ইনোভেশন টিম গত ২১-০৫-২০২৩ তারিখে সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড কর্তৃক উদ্ভাবনকৃত “কর্মকর্তা-কর্মচারীদের জন্য ডিজিটাল অফিসিয়াল আইডি কার্ড প্রস্তুতকরণ” উদ্যোগটি সরেজমিনে পরিদর্শন করেন। পেট্রোবাংলার ইনোভেশন টিম এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের কর্মকর্তাসহ ২০-০৬-২০২৩ তারিখে সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) এর উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনে এসজিএফএল-এর উদ্যোগটির প্রশংসা করেন।

সভায় ২০২২-২৩ অর্থবছরের ই-গভন্যাস ও উদ্ভাবন কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন এবং ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভন্যাস ও উদ্ভাবন কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য কমিটি সদস্যবৃন্দ আলোচনা করেন। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ০১) সেবা সহজীকরণের আওতায়: Financial Accounting ERP'র Integrated ওয়েববেইজড পে-রোল সফটওয়্যার উদ্যোগটি একটি কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা;
- ০২) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজনের জন্য প্রশিক্ষণ শাখায় আন্তঃবিভাগীয় পত্র প্রেরণ করা;
- ০৩) আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজনের লক্ষ্যে ফিল্ডসমূহ হতে ইনোভেটিভ আইডিয়া সংগ্রহের জন্য পত্র প্রেরণ করা।



সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

০৪) ই-নথির ব্যবহার বৃদ্ধি এবং আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিত করা জন্য পত্র প্রেরণ।

এ ছাড়াও প্রতিমাসে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান এবং ইনোভেশন কর্মপরিকল্পনা যথাসময়ে বাস্তবায়নের সকলের সহযোগিতা কামনা করেন।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/৭/২০২৩
প্রকৌ. মোঃ ফারুক হোসেন

মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব)

ও

ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম, এসজিএফএল।

বিতরণ:

- ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল।
- ফোকাল পয়েন্ট অফিসার, এপিএ টিম, এসজিএফএল।
- ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ, এসজিএফএল।



সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

কোম্পানির ইনোভেশন কমিটির সভা

স্থান : সভাকক্ষ, প্রধান কার্যালয়, এসজিএফএল।
তারিখ : ২৩ জুলাই ২০২৩
সময় : সকাল ১১:০০ ঘটিকা।
সভাপতি : প্রকৌ. মোঃ ফারুক হোসেন, মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব) ও ইনোভেশন অফিসার।

উপস্থিত কর্মকর্তাগণ

ক্র. নং	নাম ও পদবি	স্বাক্ষর
১.	প্রকৌ. মোঃ ফারুক হোসেন, মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব) ও ইনোভেশন অফিসার	
২.	জনাব মোঃ ফরিদুল হুদা, উপ-মহাব্যবস্থাপক (সিএ), কোম্পানি এফেয়ার্স ডিপার্টমেন্ট ও সদস্য	
৩.	জনাব খন্দকার জোনায়েদ হোসেন, উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা), নিরীক্ষা ডিপার্টমেন্ট ও সদস্য	
৪.	জনাব মোহাম্মদ মনিবুল ইসলাম, ব্যবস্থাপক (সাধারণ হিসাব) ও সদস্য	
৫.	জনাব মোঃ হেলাল উদ্দিন, ব্যবস্থাপক (জিএ), এইচআর ডিপার্টমেন্ট ও সদস্য	
৬.	প্রকৌ. ফারহানা নাজরীন, ব্যবস্থাপক (প্লানিং) ও সদস্য	
৭.	প্রকৌ. মোঃ মিজানুর রহমান, ব্যবস্থাপক (কারিগরি), এলপিএম ডিভিশন ও সদস্য	
৮.	প্রকৌ. রতন কান্তি নাথ, ব্যবস্থাপক (এমএম) ও সদস্য-সচিব	
৯.	প্রকৌ. পল্লব কুমার দত্ত, উপ-ব্যবস্থাপক (কারিগরি), আইসিটি শাখা ও সদস্য	